

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১১.০৩.০০.০০৩.২০১৪. ৪৬৬২

তারিখঃ ১৩/১২/২০১৫।


বিষয়ঃ কুড়িগ্রাম জেলা পরিষদের সাংগঠনিক কাঠামো বর্ধিত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র : কুড়িগ্রাম জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০১.১১.০০১.১৫-২১৩৭, তারিখঃ ১০.০৯.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কুড়িগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন সদর ও ডুরঙ্গামারী ডাকবাংলো ২টি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে সাংগঠনিক কাঠামো বর্ধিত পদে দৈনিক মজুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত শর্তে ০২জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবেনা এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হলেও কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।


(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

১। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।